

2 0 1 6

BENGALI

(Major)

Paper : 5.6

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশানুযায়ী উত্তর দাও :

১×৭=৭

(ক) 'বিরিঞ্চিবাবা' গল্পে গুরুপদবাবুর ছোট কন্যাটির নাম
কী ?

(খ) জাবালি মুনির ধ্যানভঙ্গ করার জন্য কোন্ অঙ্গরাকে
মর্ত্যলোকে পাঠানো হয়েছিল ?

(গ) "দক্ষিণেতে _____ শাহাবাজপুর
উত্তরেতে ভাগীরথী বহে যত দূর,"
(শূন্যস্থান পূর্ণ করো)

(ঘ) 'দি মিয়ার ম্যান', পুরুষজাতির মুখপত্র—এর উল্লেখ
কোন্ গল্পে আছে ?

(ঙ) 'মনুষ্যফল' প্রবন্ধে দেশী হাকিমদের লেখক বঙ্কিমচন্দ্র
কোন্ ফলের সঙ্গে তুলনা করেছেন ?

- (চ) “টাকশালে আমাদের মন ভাঙ্গে গড়ে। টাকাই বাহ্য সম্পদ।” কোন্ পাঠ থেকে নেওয়া হয়েছে?
- (ছ) “এখন আয়, পাখী! তোতে আমাতে একবার _____ গাই।”

(শূন্যস্থান পূর্ণ করো)

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) ‘স্বয়ংবরা’ গল্পে বর্ণিত ঢ্যাঙা সাহেবের নাম কী? তাঁর নিবাস কোথায়?
- (খ) ‘কচি-সংসদ’ গল্পের সভ্যগণের মধ্য থেকে যে কোনো দুজন সভ্যের নাম লেখো।
- (গ) কমলাকান্ত কাঁটাল ফলের সঙ্গে সংসারের কোন্ শ্রেণির মানুষদের তুলনা দিয়েছেন? তাঁর মতে কাকে খাওয়ালে কাঁটালের প্রকৃত ব্যবহার হয়?
- (ঘ) ‘বড়োবাজার’ প্রবন্ধে সাহিত্যের বাজারে প্রবেশ করে কমলাকান্ত ‘বান্দলা সাহিত্য’-এর দোকানে মূলত কার কার ভিড় দেখলেন?

৩। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

ক—গুচ্ছ

- (ক) ‘বিরিঞ্চিবাবা’ গল্পে নিতাইবাবু কেন সাধু-সন্ন্যাসীর খোঁজ করছিলেন? যে ক’জন ‘বাবা’-র তিনি সন্ধান পেয়েছিলেন, তাঁদের সংক্ষিপ্ত পরিচয় দাও।

- (খ) ‘দক্ষিণরায়’-এর বকুবাবু কোলকাতায় কী চাকরি করতেন? সে চাকরিতে ইস্তফা দেওয়ার পর কীভাবে তিনি আবার ধন ইত্যাদি লাভ করলেন—সংক্ষেপে বিবৃত করো।
- (গ) “এগিয়ে এস, আমি আশীর্বাদ করব, রিয়াল হিন্দু স্টাইল।” বক্তা কে? প্রসঙ্গটি বিশদ করো।

খ—গুচ্ছ

- (ক) “এই বিশ্বসংসার একটি বৃহৎ বাজার—সকলেই সেখানে আপনাপন দোকান সাজাইয়া বসিয়া আছে। সকলেরই উদ্দেশ্য মূল্যপ্রাপ্তি।” উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো।
- (খ) ‘মনুষ্যফল’ প্রবন্ধে কমলাকান্ত স্ত্রীলোকদের নারিকেলের সঙ্গে যে তুলনাটি দিয়েছেন তা তুলে ধরো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) জাবালি চরিত্রের বৈশিষ্ট্যগুলি পর্যালোচনা করো।
- (খ) ‘স্বয়ংবরা’ গল্পের অন্তর্নিহিত তাৎপর্য ব্যক্ত করো এবং এইসঙ্গে গল্পটির আলোকে লেখকের কৌতুকরস পরিবেশনের দক্ষতা প্রদর্শন করো।
- (গ) ‘উলটপুরাণ’ গল্পের বর্ণিত বিষয়ের উপর সংক্ষেপে বিবৃতি দাও।

খ—গুচ্ছ

- (ক) 'আমার মন' প্রবন্ধটির একটি রসগ্রাহী আলোচনা প্রস্তুত করো।
- (খ) 'বসন্তের কোকিল' বলতে বঙ্কিমচন্দ্র কোন শ্রেণির মানুষদের নির্দেশ করেছেন? এই শ্রেণির মানুষদের চারিত্রিক বৈশিষ্ট্য সম্বন্ধে আলোচনা করো।
- (গ) "দেখিলাম, এ সংসার কেবল টেঁকিশাল।" সংসারকে 'টেঁকিশাল' কেন বলা হয়েছে? 'টেঁকি' প্রবন্ধের অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।
